দৈনিক ইত্তেফাক

তারিখ ... 18 JUN 1988 ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

653

## ৩ টি কলেজে মাষ্টার্স ডিগ্রী কোর্স খোলার অনুমতি দান

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল (রবিবার) এক সভায় জগন্নাথ কলেজ, বদরুন্নেসা কলেজ ও ঢাকা কলেজে যথাক্রমে পরিসংখ্যান অর্থনীতি ও পদার্থ বিজ্ঞান বিষয়ে মাষ্টার্স ডিগ্রী কোর্স খোলার অনুমতি দিয়াছে। ভিসি প্রফেসর আবদুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় মাধ্যমিক ও উচ্চ

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

### ৩টি কলেজে

(১ম পৃঃ পর)

শিক্ষা অধিদপ্তরের পরিচালক (শিক্ষা) প্রফেসর আবু আহম্মদ, জগন্নাথ কলেজের প্রিন্সিপ্যাল, ঢাকা বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান বিভাগের চেয়ারম্যান, বিজ্ঞান অনুষদের ডীনসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

সভায় শিক্ষা অধিদপ্তরের পরিচালক জানান, যেসকল কলেজে অনার্স কোর্স আছে এবং মাষ্টার্স ডিগ্রী কোর্স খোলার নির্দেশ দেওয়া হইয়াছে সরকার সেই সব কলেজের প্রত্যেকটিতে সংশ্লিষ্ট বিভাগে শিক্ষক সংখ্যা ১২ জনে উন্নীত করার ব্যবস্থা নিয়াছে। সভায় ভিসি প্রফেসর মান্নান এই সব কলেজের চাহিদা অনুযায়ী সম্ভাব্য বইপত্র, যন্ত্রপাতি সরবরাহের আশ্বাস দেন। উল্লেখ্য, কর্তৃপক্ষ ইতিপূর্বে ৫টি কলেজে মাষ্টার্স ডিগ্রী কোর্স খোলার অনুমতি দিয়াছেন।

40•613•40